গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২ (অংশ-১)- ১৬৭

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০ / ১৯ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপিতত্বে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে অগ্রগতি পর্যালোচনা সভা গত ১৮/২/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

১৯/০২/২৪

( পূরবী গোলদার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২ (অংশ-১)- ১৬৭

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০ / ১৯ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। মাননীয় মন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম মৃত্যু নিবন্ধন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম/গাজীপুর/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৬। চেয়ারম্যান, জেলা পরিষদ (সকল)।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)।
৯। মেয়র, পৌরসভা (সকল)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। মাননীয় মেয়র, সিটি কর্পোরেশন (সকল)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৯/০২/২৪

( পূরবী গোলদার)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদ্‌যাপনের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

সভার তারিখ : ১৮/০২/২০২৪ খ্রি.

সময় : সকাল ১০.৩০ টা

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি স্থানীয় সরকার বিভাগের সচিব-কে আলোচ্য বিষয় অনুসারে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ বলেন যে, জাতীয় এবং স্থানীয় পর্যায়ে দিবসের কর্মসূচি প্রণয়নপূর্বক ইতোমধ্যে তা অনুসারে কার্যক্রম গ্রহণের জন্য সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, কেন্দ্রীয় পর্যায়ের অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের সাম্প্রতিক কর্মকান্ড তুলে ধরে একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা যেতে পারে। এ পর্যায়ে তিনি অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগকে সংক্ষিপ্ত উপস্থাপনার অনুরোধ করেন।

৩। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ সংক্ষিপ্ত উপস্থাপনায় উল্লেখ করেন যে, বিভিন্ন পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিগণ যেহেতু আগামী ২৫ ফেব্রুয়ারির অনুষ্ঠানে ঢাকায় যোগদান করবেন, সেহেতু নির্দেশনা মোতাবেক স্থানীয় পর্যায়ের কর্মসূচি আগামী ২৭ ফেব্রুয়ারি অনুষ্ঠানের জন্য জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। স্থানীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের জন্য পরিচালক এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণের সমন্বয়ে ইতোমধ্যে জুম প্লাটফর্মে সভা করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, আগামী ২৫ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উপলক্ষে ব্যানার, ফেস্টুন এবং বিলবোর্ডের মাধ্যমে দিবসের তাৎপর্য তুলে ধরার জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সাথে সভা করা হয়েছে।

৪। সভাপতি আলোচনার আহবান জানালে ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট-এর মহাপরিচালকসহ স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। তাঁরা উল্লেখ করেন যে, যথাযোগ্য মর্যাদা এবং উৎসাহ উদ্দীপনার মাধ্যমে এ দিবস উদযাপনের জন্য নিজ নিজ প্রতিষ্ঠান থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে। তারা আরও উল্লেখ করেন যে, ইতোমধ্যে মাঠ পর্যায়ের অফিসগুলোকে স্থানীয় পর্যায়ের কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

৫। সভাপতি বলেন যে, সেবা গ্রহীতা হিসেবে সাধারণ জনগণের এবং সেবা প্রদানকারী হিসেবে স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং স্থানীয় সরকার বিভাগের অধীন সংস্থাসমূহের এ দিবস উদ্‌যাপনের মাধ্যমে পরস্পর কাছাকাছি আসার সুযোগ সৃষ্টি হবে। তিনি জাতীয় দৈনিক পত্রিকাসমূহে ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এর মহাপরিচালককে আহবায়ক করে কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। তিনি আরও উল্লেখ করেন যে, বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য যে সকল কমিটি গঠন করা হয়েছে এবং যে সকল দায়িত্ব অর্পণ করা হয়েছে সংশ্লিষ্ট কমিটি নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করবে।

এছাড়াও, মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী এবং স্থানীয় সরকার বিভাগের অধীন সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের জন্য আন্তরিকভাবে অংশগ্রহণ এবং দায়িত্ব পালন করবেন।

৬। সার্বিক আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক)

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | স্থানীয় সরকার বিভাগের সাম্প্রতিক কর্মকান্ড তুলে ধরে একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করতে হবে। | মিডিয়া সংক্রান্ত কমিটি |
| ২ | সচিবালয়ের ভবনসমূহে ড্রপডাউন ব্যানার এবং প্রধান গেটের সামনে বিলবোর্ড স্থাপন করতে হবে। | প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ |
| ৩ | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের নিজ নিজ ভবন, নিজ নিজ এলাকার সড়কদ্বীপ, গোলচত্বর সজ্জিত করতে হবে। | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৪ | আব্দুল গণি রোড, মিন্টু রোড, বিজয় সরণীসহ সকল গুরুত্বপূর্ণ সড়ক সজ্জিতকরণ করতে হবে। | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৫ | ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় নিয়ন সাইনের মাধ্যমে দিবসের তাৎপর্য তুলে ধরে প্রচারের ব্যবস্থা করতে হবে। | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৬ | আমন্ত্রিত অতিথি এবং জনপ্রতিনিধগণের জন্য আসন বিন্যাস নির্ধারণ করতে হবে। | ভেন্যু প্রস্তুত, অনুষ্ঠানসূচি প্রণয়ন, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মহড়া অনুষ্ঠান ও চূড়ান্ত অনুষ্ঠান পরিচালনা সংক্রান্ত কমিটি |

(খ) **জাতীয় দৈনিক পত্রিকাসমূহে ক্রোড়পত্র প্রকাশনা কমিটি**

| ক্রমিক | নাম ও পদবি | কমিটিতে পদ |
|---|---|---|
| ১ | মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা | আহ্বায়ক |
| ২ | যুগ্মসচিব (পলিসি সাপোর্ট/ইউনিয়ন পরিষদ/মনিটরিং ও মূল্যায়ন), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩ | সিনিয়র সহকারী সচিব (অডিট-২/ইউনিয়ন পরিষদ-২), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪ | মাননীয় মন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন | সদস্য |
| ৫ | যুগ্মসচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ | সদস্য-সচিব |

৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

মোঃ তাজুল ইসলাম, এমপি

মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়